কাহার গলায় পরাবি গানের    রতনহার,
তাই কি বীণায় লাগালি যতনে    নূতন তার ॥
কানন পরেছে শ্যামল দুকূল,    আমের শাখাতে নূতন মুকুল,
নবীনের মায়া করিল আকুল    হিয়া তোমার ॥
যে কথা তোমার কোনো দিন আর    হয় নি বলা
নাহি জানি কারে তাই বলিবারে    করে উতলা !
দখিনপবনে বিহ্বলা ধরা    কাকলিকূজনে হয়েছে মুখরা,
আজি নিখিলের বাণীমন্দিরে    খুলেছে দ্বার ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail